



# করোনা (COVID-19) এর জন্য বিমানবন্দর বর্জ্য ব্যবস্থাপনা

১ম সংস্করণ  
২২ মার্চ, ২০২০ইং



## ১। উদ্দেশ্যঃ

১.১। করোনা (COVID-19)এর জন্য বিমানবন্দরগুলোতে বর্জ্য ব্যবস্থাপনার জন্য নির্দেশনা প্রদান করা।

## ২। লক্ষ্যঃ

২.১। যে সকল বিমানবন্দরগুলো শক্তিশালী nCOVID সংশ্লিষ্ট বর্জ্য উৎপন্ন করছে-এই প্রক্রিয়া সেগুলোর জন্য প্রযোজ্য।

## ৩। দায়-দায়িত্বঃ

৩.১। সমগ্র কার্যপ্রণালী সম্পন্ন করার জন্য বিমানবন্দরে দায়িত্বরত পরিচালক/ব্যবস্থাপক/কর্মকর্তা দায়িত্ব প্রাপ্ত থাকবেন।

৩.২। ভস্মীকরণ(Incineration) ব্যবস্থা করা এবং যেসকল বর্জ্য ভস্মীকরণ করা হচ্ছে সেগুলো লিপিবদ্ধ করার ব্যবস্থা করা।

## ৪। সাধারণ প্রক্রিয়াঃ

### ৪.১। উপাদান এবং উপকরণ/ সাজসরঞ্জাম

৪.১.১। বর্জ্য অপসারণ করা।

৪.১.২। সংগ্রহকৃত সংক্রামক বর্জ্য লাল is.Mi ব্যাগে রাখতে হবে।

৪.১.৩। বর্জ্য ব্যবস্থাপনার বাক্সটি লাল is.Mi হতে হবে।

৪.১.৪। ধারাল জিনিসপত্রের জন্য আলাদা বাক্স/পাত্র ব্যবহার করতে হবে।

8.1.5। পরিচ্ছন্নতা কর্মীদের অবশ্যই নিজস্ব প্রতিরক্ষামূলক উপকরণ (পিপিই) যেমন **Mùvem**, জুতা **i** আবরণ, মাস্ক, **‡dm wki** ইত্যাদি ব্যবহার করতে হবে।

8.1.6। স্প্লি কীট ((একটি বালতি, ময়লা ফেলার পলিব্যাগ বা একটি বায়োহাজার্ড ব্যাগ, একটি বেলচা, 1 বোতল সোডিয়াম হাইপোক্লোরাইট (দৈনিক প্রস্তুতকৃত), টিস্যুপেপার)) রাখতে হবে।

8.1.7। প্রাথমিক চিকিৎসার বাক্স।

8.1.8। বর্জ্য ব্যবস্থাপনার জন্য ব্যবহৃত ট্রলি আচ্ছাদিত করে রাখতে হবে।

8.1.9। দাহন-যন্ত্র/ ভস্মীকরন-যন্ত্র রাখতে হবে।

## 8.2। স্ট্যান্ডার্ড ও সংক্রামক-ভিত্তিক সতর্কতা /সাবধানতাঃ

8.2.1। বিমানবন্দর পরিষ্কার এবং বর্জ্য ব্যবস্থাপনার সাথে জড়িত নিয়োগকারীদের সংক্রমন প্রতিরোধ কিংবা কমানোর জন্য সংক্রমন নিয়ন্ত্রন অনুশীলনটি অনুসরণ করা উচিত(সতর্কতা মানদন্ডসহ)। সন্দেহজনক ভ্রমনকারীদের সংস্পর্শে যাই হই আসুক না কেন তা সংক্রামক বর্জ্য হিসেবে বিবেচিত হবে।

### 8.2.2। স্ট্যান্ডার্ড সাবধানতা অন্তর্ভুক্তঃ

- হাতের স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
- ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের ব্যবহার(যেমন গ্লভস, মাস্ক, চশমা) ব্যবহার করতে হবে।
- শ্বাস-প্রশ্বাস/ হাঁচি কাশির শিষ্টাচার মেনে চলতে হবে।
- ধারাল যন্ত্রপাতির সুরক্ষা (ইঞ্জিনিয়ারিং এবং কাজের অনুশীলন নিয়ন্ত্রণ ) করতে হবে।
- নিরাপদভাবে ইঞ্জেকশন প্রদান করতে হবে।
- যন্ত্রপাতি জীবানুমুক্ত করতে হবে।
- মেঝে, জানালা, দরজা, হাতল, চেয়ার ইত্যাদি পরিষ্কার ও জীবানুমুক্ত রাখতে হবে।

8.3.3। করোনা (COVID-19) সন্দেহভাজন বা নিশ্চিত রোগীর সাথে যোগাযোগের আগে ও পরে এবং গ্লভস ও পিপিই পরিধানের আগে ও পরে হাত জীবানুমুক্ত করুন।

## 8.8। জীবানুযুক্ত তৈজসপত্র এবং বর্জ্য এর ব্যবস্থাপনা ও অপসারণ পদ্ধতিঃ

### 8.২.১। জীবানুযুক্ত(সংক্রামক) খারাল জিনিসপত্র –

- হাইপোডারমিক সূচ,স্কাপ্পেল এবং ভাজা কাঁচ পাঞ্চচার- পুফ(সহজে ছিদ্র না হয়) এমন পাত্রে ঢেকে রাখতে হবে; তা জীবানুযুক্ত হিসেবে গন্য হবে।
- ধারনক্ষমতার অতিরিক্ত বর্জ্য দ্বারা পাত্রটি পূর্ণ করা যাবে না;তিন-চতুর্থাংশ পূর্ণ হলে নিয়ম অনুসারে সেগুলিকে অটোক্লিভ অথবা পুড়িয়ে ফেলার জন্য প্রেরণ করতে হবে।

### 8.২.২। সরাসরি দাহন বা ভস্মীকরনকরনের জন্য দূষিত জিনিসপত্রঃ

- দূষিত বর্জ্যকে নিদিষ্ট পাত্রে রাখতে হবে(উদাঃ লাল রংগের ব্যাগ) এবং আচ্ছাদিত পাত্রটি পোড়ানোর জন্য আচ্ছাদিত ট্রলিতে পাঠাতে হবে।
- পুনরায় ব্যবহারযোগ্য স্থানান্তর পাত্রটি ছিদ্র নিরোধক এবং আঁট-সাঁট ভাবে আচ্ছাদিত রাখতে হবে।
- স্থানান্তরকৃত পাত্রটি পুনরায় ব্যবহারের জন্য ল্যাভে ফেরৎ পাঠানোর পূর্বে জীবানুনাশ এবং পরিষ্কার করতে হবে।
- সন্দেহজনক ভ্রমনকারীদের সংস্পর্শে যাহাই আসুক না কেন তা সংক্রামক বর্জ্য হিসেবে বিবেচিত হবে।

### 8.২.৫। জীবানুনাশক তৈরি ও এর ঘনত্ব নির্ধারনঃ

#### 8.২.৫.১। প্রক্রিয়াঃ

ব্লিচ ব্যবহার করেঃ

ব্লিচ বাজারে ক্লোরটেক, ক্লোরক্স ও ক্লোরেক্স ইত্যাদি নামে পাওয়া যায়।

ব্লিচ ব্যবহার করে জীবানুনাশক দ্রবণ তৈরির পদ্ধতি হলোঃ

১ লিটার পানি + ২ চা চামচ পরিমাণ ব্লিচ দ্রবণ অনুপাতে প্রয়োজন

মত দ্রবণ তৈরি করে নিন।

ব্লিচিং পাউডার ব্যবহার করেঃ

ব্লিচিং পাউডার বাজারে পাউডার বা গুড়া হিসেবে পাওয়া যায়। ব্লিচিং পাউডার দিয়ে দুই রকমের জীবানুনাশক দ্রবণ তৈরি করা যায়। একটি বেশি ঘনত্বের ১:১০ ঘনত্বের যা দ্বারা অধিক সংক্রামক বর্জ্য, হাসপাতালের বর্জ্য, আক্রান্ত মৃতদেহ ইত্যাদি জীবানুমুক্ত করা হয়। আরেকটি ১:১০০ ঘনত্বের দ্রবণ যা সাধারণ পরিষ্কারের কাজ যেমন আসবাবপত্র, যন্ত্রাংশ, ফ্লোর, গাড়ি ইত্যাদি জীবানুমুক্ত করতে ব্যবহৃত হয়।

১:১০০ ঘনত্বের দ্রবণ তৈরিঃ

২ লিটার পানি + ১ টেবিল চামচ পরিমাণ ব্লিচিং পাউডার অনুপাতে প্রয়োজনমত দ্রবণ তৈরি করে নিন।

১:১০০ ঘনত্বের দ্রবণ তৈরিঃ

২০ লিটার পানি + ১ টেবিল চামচ পরিমাণ ব্লিচিং পাউডার অনুপাতে প্রয়োজনমত দ্রবণ তৈরি করে নিন।

#### ৪.২.৫.২। ইথানল:

ইথানল (ইথাইল অ্যালকোহল) সর্বোচ্চ কার্যকারিতার জন্য ৭০% (আয়তন/ আয়তন) ঘনত্বে ব্যবহার করা উচিত।

৭০% মিশ্রণ বানানোর নিয়মঃ

৩০ মিলি পানি + ৭০মিলি ইথানল = ১০০ মিলি লিটার ব্যবহারযোগ্য জীবানুনাশক।

অন্যান্য এজেন্টদের মিশ্রণগুলি এককভাবে ব্যবহৃত অ্যালকোহলের চেয়ে বেশি কার্যকর উদাঃ ১০০ গ্রাম / লিটার ফর্মালডিহাইড সহ ৭০% (আয়তন / আয়তন) অ্যালকোহল এবং ২ গ্রাম / লিটার ক্লোরিনযুক্ত অ্যালকোহল।

- ব্লিচ ও পানির মিশ্রণ প্রতিদিন তৈরী করতে হবে যাতে এর ঘনত্ব ঠিক থেকে।

- সংকটপূর্ণ মেডিকেল এবং ব্যক্তিগত সেবায় ব্যবহার্য যন্ত্রাদির জন্য উচ্চমাত্রার জীবানুনাশক ব্যবহার করতে হবে।
- তাৎক্ষনিক বাথরুম, শিশুদের টেবিল কিংবা শ্বাসতন্ত্রের রোগের প্রাদুর্ভাব এবং ডায়রিয়া বা বমি বমি হলে সেই জায়গাগুলো পরিষ্কারের জন্য উচ্চ মাত্রার জীবানুনাশক ব্যবহার করতে হবে।

### ৪.৩। ঝরে বা উপচে পরা (স্পিল) পরিষ্কার পদ্ধতি:

- সংক্রামক পদার্থের ছড়িয়ে পড়ার ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতিঃ
- দস্তানা এবং প্রতিরক্ষামূলক পোশাক (PPE), সামগ্রিকভাবে জুতার কভার, মুখ এবং চোখের সুরক্ষার জন্য গগলস পরিধান করুন।  
কাপড় বা কাগজের তোয়ালে দিয়ে উপচে পরা পদার্থ ঢেকে রাখুন।  
কাগজের তোয়ালে এবং আশেপাশের অঞ্চলে তৎক্ষণাৎ একটি উপযুক্ত জীবানুনাশক ঢালুন (৫% ব্লিচ ব্যবহার করুন।  
স্পিল অঞ্চলের বাইরের মার্জিনে কেন্দ্রীভূতভাবে জীবানুনাশক প্রয়োগ করুন।
- যথাযথ পরিমাণ (উদাঃ ৩০ মিনিট) পরে, সামগ্রীগুলি সরিয়ে ফেলুন।
- যদি ভাঙা কাচ বা অন্যান্য তীক্ষ্ণ জিনিস জড়িত থাকে তবে উপাদান সংগ্রহ করার জন্য একটি ডাস্টপ্যান বা শক্ত কার্ডবোর্ডের টুকরো ব্যবহার করুন এবং এটি একটি নিশ্চিত পাত্রে জমা দিন এবং দহন করার জন্য প্রেরণ করুন।
- স্পিলেজের ক্ষেত্রটি পরিষ্কার এবং জীবানুমুক্ত করা (উপরে বর্ণিত পদ্ধতিটির পুনরাবৃত্তি করতে পারেন)
- পরিষ্কার করার পরে এটি নথিভুক্ত করুন এবং অঞ্চলটি জীবানুমুক্ত করন বিষয়ে কর্তৃপক্ষকে অবহিত করুন।